আজকের কাগজ

তারিখ 06 JUL 1995
পৃষ্ঠা ৬ কলাম ৬

31

# চলতি অর্থ বছরে কৃষি বিশ্ববিদ্যালয়ের ২৮ কোটি ৭৮ লাখ টাকার বাজেট ঘোষণা

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ে ২৮ কোটি ৭৮ লাখ টাকার বাজেট ঘোষণা করা হয়েছে। বা. কৃ. বি ফিন্যান্স কমিটির সভায় ১৯৯৫-৯৬ অর্থ বছরের জন্যে ৩৫ কোটি টাকার চাহিদা প্রকাশ করে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন (বিমক) ২৮ কোটি ৭৮ লাখ টাকা বরাদ্দের জন্যে সিন্ডিকেটের কাছে সুপারিশ পেশ করেন। ১৯৯৫-৯৬ অর্থ বছরের মূল বরাদ্দ ২৮ কোটি ৭৮ লাখ টাকার মধ্যে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের মাধ্যমে সরকারি অনুদানের পরিমাণ ২৫ কোটি ৯০ লাখ টাকা, নিজস্ব সূত্র থেকে আয় ১ কোটি ৩০ লাখ টাকা ও পেনশন খাতের ঘাটতি পূরণের জন্যে অতিরিক্ত বরাদ্দ ১ কোটি ৫৮ লাখ টাকা ধার্য করা হয়েছে। মূল বরাদ্দের মধ্যে বেতন ভাতাদি (পেনশন, লিভারিজ, আয়কর, যৌথ বীমা, বিনোদন ভাতা, ছুটির বেতনসহ) খাতে ২০ কোটি ৩৫ লাখ, সাধারণ আনুষঙ্গিক খাতে ৫ কোটি, শিক্ষা আনুষঙ্গিক খাতে ১ কোটি ৮৫ লাখ এবং পেনশন খাতের ঘাটতি পূরণের জন্য অতিরিক্ত বরাদ্দ ১ কোটি ৫৮ লাখ টাকা ধার্য করা হয়েছে। ভিসি প্রফেসর ডঃ শাহ মোঃ ফারুকের সভাপতিত্বে অনুষ্ঠিত উক্ত সভায় বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ ও ফিন্যান্স কমিটির সচিব আলহাজ্ব মোঃ জিয়াউল ইসলাম ১৯৯৫-৯৬ অর্থ বছরের মূল বাজেট এবং ১৯৯৪-৯৫ অর্থ বছরের সংশোধিত বাজেট উপস্থাপন করেন। কৃষি বিশ্ববিদ্যালয় থেকে মোকাম্মেল হক।

OF — SHEETS